

মধ্যপ্রাচ্যের যাত্রীদের উদ্দেশ্যে বেবিচকের জরুরি বার্তা

- A Monitor Desk Report

Date: 01 March, 2026



ঢাকাঃ মধ্যপ্রাচ্যের চলমান নিরাপত্তা পরিস্থিতিতে সব ফ্লাইট স্থগিত করেছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)। এ সময় যাত্রীদের উদ্দেশ্যে জরুরি বার্তা দিয়েছে তারা।

শনিবার (২৮ ফেব্রুয়ারি) রাতে ওই বার্তায় বলা হয়েছে, মধ্যপ্রাচ্যের আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতি অবনতির কারণে কুয়েত, কাতার, বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাতের আকাশসীমা সাময়িকভাবে বন্ধ রয়েছে। এর পরিপ্রেক্ষিতে, সম্মানিত যাত্রীদের নিজ নিজ এয়ারলাইন্স ও ট্রাভেল এজেন্সির সঙ্গে যোগাযোগ পূর্বক যাত্রা নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

এর আগে শনিবার বিকেল থেকে দাম্মাম, জেদ্দা, মদিনা, রিয়াদ, শারজাহ, আবুধাবি, দুবাই ও কুয়েতসহ মধ্যপ্রাচ্যের সব গন্তব্যে ফ্লাইট পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ফ্লাইট স্থগিত রয়েছে।

শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) রাত থেকে মধ্যপ্রাচ্যে নতুন করে সামরিক উত্তেজনা ছড়িয়ে পড়েছে। ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের অভিযানের পর পাল্টা হামলায় তেহরান অঞ্চলজুড়ে অনিশ্চয়তা তৈরি করেছে। এর প্রভাব পড়েছে আন্তর্জাতিক আকাশপথেও।

নিরাপত্তা ঝুঁকির কারণে বিভিন্ন দেশের এয়ারলাইন্স মধ্যপ্রাচ্যগামী ফ্লাইট স্থগিত বা বাতিল করেছে। একই কারণে ঢাকা থেকেও আপাতত ওই অঞ্চলের সব ফ্লাইট বন্ধ রাখা হয়েছে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বলছে, আকাশপথ নিরাপদ হলেই ধাপে ধাপে ফ্লাইট পরিচালনা পুনরায় শুরু করা হবে।

